অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/28/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পানশালা এবং রেস্তোরাঁয় নাচ-গানের ওপর থাকা সেকেলে নিষেধাজ্ঞাগুলি তুলে দেওয়ার জন্য নতুন নীতি ঘোষণা করেছেন

নিউ ইয়র্ক স্টেট লিক্যুয়র অথরিটি প্রতিষ্ঠানের ভেতরে মদ্যপানের লাইসেন্স আবেদনের জন্য গ্রাহকদের নাচের বিষয়ে কোনো তথ্য আর বাধ্যতামূলক করবে না বা বিবেচনা করবে না

এই পরিবর্তন পানশালা এবং রেস্তোরাঁগুলির জন্য প্রক্রিয়াটিকে সহজতর করবে এবং একই সাথে নিউ ইয়র্কের হসপিটালিটি শিল্পকে সহায়তা করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ পানশালা এবং রেস্তোরাঁয় নাচের ওপর থেকে সেকেলে নিষেধাজ্ঞাগুলি তুলে দেওয়ার জন্য একটি নতুন নীতি ঘোষণা করেছেন। অবিলম্বে কার্যকর হওয়া এই নীতি অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেট লিক্যুয়র অথরিটি (SLA) প্রতিষ্ঠানের ভেতরে মদ্যপানের লাইসেন্সের আবেদনগুলি পর্যালোচনার সময় গ্রাহকদের নাচের অনুমতি দেওয়া হবে কিনা তা আবেদনকারীদের জানানোর বাধ্যবাধকতা তুলে দিচ্ছে, এবং আবেদনে থাকা গ্রাহকদের নাচ-গান সংক্রান্ত প্রশ্নগুলি আর বিবেচনা করবে না। নীতির এই পরিবর্তনটি নিউ ইয়র্ক জুড়ে লাইভ পারফরম্যান্স, শিল্পকলা এবং বিনোদনকে সহায়তা করার জন্য এবং রাজ্যের নাইটলাইফ ও হসপিটালিটি শিল্পকে প্রভাবিত করে এমন নীতিগুলিকে আধুনিকীকরণ করার জন্য গভর্নর Hochul (হোকল)-এর ব্যাপক প্রচেষ্টারই একটি অংশ।

"নিউ ইয়র্কের হসপিটালিটি শিল্পের কোনো তুলনা হয় না এবং আমাদের রেস্তোরাঁ, পানশালা ও নাইটলাইফ আমাদের কমিউনিটিগুলোকে এতটা প্রাণবন্ত করে তোলার পেছনে একটি বড় ভূমিকা পালন করে," **গভর্নর Hochul (হোকল) বলেন**। "নাচের ওপর থেকে এই সেকেলে নিষেধাজ্ঞা তুলে দিয়ে আমরা ব্যবসাগুলির সফল হওয়া আরও সহজ করে তুলছি, যাতে নিউ ইয়র্কবাসী এবং দর্শনার্থীরা একইভাবে সেই শক্তি ও উদ্দীপনার অভিজ্ঞতা নিতে পারেন যা আমাদের রাজ্যকে অনন্য করে তোলে।"

নিউ ইয়র্ক স্টেট লিক্যুয়র অথরিটির (State Liquor Authority, SLA) সভাপতি Lily M. Fan (লিলি এম. ফ্যান) বলেন, "গভর্নর Hochul (হোকল) এটি স্পষ্ট করে দিয়েছেন যে নিউ ইয়র্কের উচিত প্রাণবন্ত কমিউনিটি, বিকাশমান ক্ষুদ্র ব্যবসা এবং এমন একটি হসপিটালিটি শিল্পকে সহায়তা করা যা বর্তমান যুগের মানুষের জীবনযাত্রা ও সামাজিক মেলবন্ধনের প্রতিফলন ঘটায়। এই পরিবর্তনটি ঠিক সেই কাজটিই করছে। SLA-এর মনোযোগ দেওয়া উচিত জননিরাপত্তা, জীবনযাত্রার মান এবং লাইসেন্সপ্রাপ্ত ব্যবসাগুলির সামগ্রিক পরিচালনার ওপর —

গ্রাহকরা নাচবেন কি নাচবেন না, তার ওপর নয়। গভর্নর Hochul (হোকল) -এর নেতৃত্বে আমরা অপ্রয়োজনীয় বাধাগুলি দূর করে চলেছি এবং সেইসব রেস্তোরাঁ, পানশালা ও ভেন্যুগুলোকে সহায়তা দিচ্ছি যা নিউ ইয়র্কের কমিউনিটিগুলোকে গতিশীল, অতিথিপরায়ণ এবং শক্তিতে ভরপুর রাখতে সহায়তা করে। নাচ মনের জন্য ভালো। তাহলে উদযাপন করা যাক!"

এই নতুন নীতির অধীনে মূল পরিবর্তনগুলির মধ্যে রয়েছে:

- প্রতিষ্ঠানের ভেতরে লিক্যুয়র লাইসেন্সের আবেদনগুলি মূল্যায়ন করার সময় SLA আর গ্রাহকদের নাচ-গান সংক্রান্ত উত্তরগুলি বিবেচনা করবে না।
- আবেদনকারীদের অথরিটির প্রতিষ্ঠানের ভেতরে মদ্যপানের লাইসেন্স আবেদনপত্র, কার্যপদ্ধতি পরিবর্তনের আবেদনপত্র, মিউনিসিপ্যাল নোটিশ ফর্ম, পাবলিক ইন্টারেস্ট কোয়েশ্চেনিয়ার এবং অন্যান্য প্রাসঙ্গিক নথিপত্রে গ্রাহকদের নাচের অনুমতি দেওয়া হবে কিনা তা জানানোর প্রয়োজন হবে না।
- আবেদনকারীরা তাদের আবেদনের মূল্যায়নে কোনো প্রভাব ছাড়াই এই ধরনের যেকোনো প্রশ্ন এড়িয়ে যেতে পারেন বা ফাঁকা রাখতে পারেন।
- এই নীতি পরিবর্তনটি সমস্ত নতুন আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য হবে, যার মধ্যে বর্তমানে প্রক্রিয়াধীন থাকা যে আবেদনগুলি এখনও অনুমোদিত হয়নি সেগুলোও অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্ক সিটি হসপিটালিটি অ্যালায়েন্স (Hospitality Alliance)-এর নির্বাহী পরিচালক Andrew Rigie (অ্যান্ড্রু রিজি) এবং নিউ ইয়র্ক সিটি হসপিটালিটি অ্যালায়েন্সের কাউন্সেল Robert Bookman (রবার্ট বুকম্যান) ও Max Bookman (ম্যাক্স বুকম্যান) বলেন, "SLA লাইসেন্সিং প্রক্রিয়া থেকে নাচ-গানের ওপর থাকা সেকেলে নিষেধাজ্ঞাগুলি সরিয়ে ফেলার জন্য NYC হসপিটালিটি অ্যালায়েন্সের সাথে কাজ করায় আমরা গভর্নর Hochul (হোকল) এবং স্টেট লিক্যুয়র অথরিটির সভাপতি Fan (ফ্যান)-এর প্রশংসা করি – বৈষম্যমূলক ক্যাবারে আইনের ঐতিহাসিক বাতিলের পর এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই পরিবর্তনটি নিউ ইয়র্ক সিটিতে নাচ এবং সাংস্কৃতিক আত্মপ্রকাশের ওপর থেকে পুরনো বিধিনিষেধগুলি ভেঙে ফেলার জন্য কয়েক দশকের প্রচেষ্টাকে আরও এগিয়ে নিয়ে গেল। নিউ ইয়র্কবাসী এবং বিশ্বজুড়ে আসা দর্শনার্থীরা বাইরে যান আড্ডা দিতে, উৎসব করতে, নাচতে এবং আমাদের প্রাণবন্ত নাইটলাইফের অভিজ্ঞতা নিতে; এই পদক্ষেপটি নিশ্চিত করতে সহায়তা করবে যেন সবাই আরও মুক্তভাবে এবং নিরাপদে আনন্দ করতে ও একে অপরের সাথে যুক্ত হতে পারেন।"

এম্পায়ার স্টেট রেস্টুরেন্ট অ্যান্ড ট্যাভার্ন অ্যাসোসিয়েশন (Restaurant and Tavern Association)-এর নির্বাহী পরিচালক Scott Wexler (স্কট ওয়েক্সলার) বলেন, "ঈশ্বরকে ধন্যবাদ, স্টেট লিক্যুয়র অথরিটি অবশেষে নিউ ইয়র্কের পানশালা ও রেস্তোরাঁগুলি থেকে 'ড্যান্সিং পুলিশ' তুলে নিচ্ছে। নিষেধাজ্ঞা বাতিল করার পর থেকে প্রায় 100 বছর ধরে রেস্তোরাঁ পরিচালকদের তাদের গ্রাহকদের নাচের অনুমতি দেওয়ার জন্য লিক্যুয়র অথরিটির কাছ থেকে বিশেষ অনুমতি নিতে হতো। 'ফুটলুজ (Footloose)' সিনেমার একটি দৃশ্যের মতোই, মালিকদের তাদের গ্রাহকদের জুকবক্সের তালে নাচতে বাধা দিতে হতো, অন্যথায় তাদের ব্যবসা বন্ধ হয়ে যাওয়ার ঝুঁকিতে পড়তে হতো। এই বাস্তবসম্মত পরিবর্তনের মাধ্যমে লিক্যুয়র অথরিটি নিউ ইয়র্কবাসীদের নাচের ওপর থেকে সব বাধা দূর করছে - তাই আসুন, সবাই মিলে নাচি!"

নিউ ইয়র্ক স্টেট ল্যাটিনো রেস্টুরেন্ট বার অ্যান্ড লাউঞ্জ অ্যাসোসিয়েশন (Latino Restaurant Bar & Lounge Association)-এর প্রেসিডেন্ট Sandra Jaquez (স্যান্ড্রা জ্যাকুয়েজ) বলেন, "নিউ ইয়র্কের সংখ্যালঘু-মালিকানাধীন রেস্তোরাঁ, পানশালা এবং লাউঞ্জগুলির জন্য সঙ্গীত এবং নাচ হলো আমাদের কমিউনিটিগুলোর একত্রিত হওয়া, উৎসব করা এবং প্রাণবন্ত জনপদগুলোকে সচল রাখার মূল চাবিকাঠি। গ্রাহকদের নাচের ওপর থেকে পুরনো নিষেধাজ্ঞাগুলি সরিয়ে নেওয়ার জন্য এবং নিউ ইয়র্কের হসপিটালিটির নিয়মকানুন আধুনিকীকরণের দিকে একটি বাস্তবসম্মত পদক্ষেপ নেওয়ার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) এবং সভাপতি Lily Fan (লিলি ফ্যান)-কে সাধুবাদ জানাই। এই পরিবর্তনটি ক্ষুদ্র ব্যবসাগুলিকে তাদের গ্রাহকদের আরও ভালোভাবে সেবা দিতে, বাণিজ্যিক এলাকাগুলিকে শক্তিশালী করতে এবং স্টেট জুড়ে বিভিন্ন কমিউনিটির সংস্কৃতি ও অর্থনীতিতে অবদান রাখতে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক স্টেট রেস্টুরেন্ট অ্যাসোসিয়েশন-এর প্রেসিডেন্ট এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা Melissa Fleischut (মেলিসা ফ্লাইশুট) বলেন, "অতিরিক্ত আমলাতন্ত্র বা সরকারি নিয়ম এবং আনুষ্ঠানিকতার জটিলতা দূর করার জন্য গভর্নর Hochul (হোকল) এবং স্টেট লিক্যুয়র অথরিটিকে ধন্যবাদ। আজকের এই সিদ্ধান্তটি সেইসব পুরনো মদ সংক্রান্ত আইনগুলিকে আধুনিক ও যুগোপযোগী করার প্রতি তাদের ধারাবাহিক অঙ্গীকার প্রদর্শন করে, যে আইনগুলির কারণে একটি রেস্তোরাঁ বা পানশালা খোলা এবং তা টিকিয়ে রাখা কঠিন হয়ে পড়ত। হসপিটালিটি শিল্পের বিকাশে সহায়তা করার জন্য আমরা তাদের সাথে কাজ চালিয়ে যাওয়ার অপেক্ষায় রয়েছি।"

যেসব লাইসেন্সধারীদের বর্তমানে গ্রাহকদের নাচের ওপর নিষেধাজ্ঞা রয়েছে, তারা যদি তাদের প্রতিষ্ঠানে নাচের অনুমতি দিতে চান, তবে তারা তাদের কার্যপদ্ধতি পরিবর্তনের জন্য আবেদন করতে পারেন।

SLA জনগণের সুবিধা, জনকল্যাণ এবং সামগ্রিক কার্যপদ্ধতির ওপর ভিত্তি করে প্রতিটি আবেদন পর্যালোচনা করা অব্যাহত রাখবে, এবং একই সাথে শব্দদূষণ, বিশৃঙ্খল আচরণ ও জননিরাপত্তা সংক্রান্ত সমস্ত আইন ও নিয়মকানুন কঠোরভাবে প্রয়োগ করবে। ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে নাচ, বিনোদন এবং জায়গার ব্যবহারের সাথে সম্পর্কিত সমস্ত প্রযোজ্য মিউনিসিপ্যাল আইন, নিয়মকানুন বা জোনিং প্রয়োজনীয়তা মেনে চলা বজায় রাখতে হবে।

এই নতুন নীতি সম্পর্কে অতিরিক্ত নির্দেশিকা **SLA-এর ওয়েবসাইটে** পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন